বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

স্মারক নং- ৩০.৩১.০০০০.২৩১.০৯.০১৮.২২.১২৮৫

তারিখ: ২১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ডেঙ্গু প্রতিরোধে অফিস ভবন, আবাসিক এলাকা, দোকানপাট, শিক্ষাপ্রতিষ্ঠান ও মন্দির-মসজিদে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকাসহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা, মৌসুমী বৃষ্টিপাত, জমানো পানি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ইত্যাদি কারণে এডিস মশার প্রজনন ক্ষেত্র প্রসারিত হচ্ছে, যা মূলত ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবের জন্য দায়ী। এডিস মশার প্রজনন রোধই পারে ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে জনসাধারণকে রক্ষা করতে। সে মোতাবেক নিম্নোক্ত বিষয়সমূহ প্রতিপালন করা প্রয়োজন:

(ক) বসবাসের আঙ্গিনা, দোকানপাট ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিদিনের ময়লা-আবর্জনা স্থানীয়ভাবে চিহ্নিত জায়গায় সঠিকভাবে ফেলা;

(খ) জলাবদ্ধতা থেকে রক্ষা পেতে ড্রেন ও সুয়ারেজ লাইনে ময়লা-আবর্জনা ফেলা থেকে বিরত থাকা;

(গ) ময়লা-আবর্জনা ও জমে থাকা পানি থেকে এডিস মশার বংশবিস্তার ঘটে। তাই ফুলের টব, পুরনো টায়ার, পরিত্যক্ত ব্যাটারির সেল এবং আশপাশে পড়ে থাকা ময়লা-আবর্জনায় পানি জমতে না দেয়া;

(ঘ) এসি, এয়ার কুলার, ফ্রিজ, টব, টায়ার ইত্যাদির জমা পানি প্রতিদিন ফেলে দেয়া;

(ঙ) বাসা ও দোকানের উৎপন্ন আবর্জনা যেমন ডিম ও ডাবের খোসা, প্লাস্টিকের কাপ, থার্মোকলের থালা-বাটি ও মাটির ভাঁড় ইত্যাদি নির্ধারিত স্থানে ফেলা;

(চ) অফিস ভবন, আবাসিক এলাকা, দোকানপাট, শিক্ষা প্রতিষ্ঠান, মন্দির-মসজিদসহ অন্যান্য স্থাপনা এবং তৎসংলগ্ন এলাকায় নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা; এবং

(ছ) সংশ্লিষ্ট স্থাপনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও ব্যবহারকারীদের ডেঙ্গু প্রতিরোধে সচেতন করতে হবে এবং পরিচ্ছন্নতা কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিত করতে প্রয়োজনীয় তদারকি করতে হবে।

২.০ এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭/১০/২৬
মোঃ ইউসুফ আলী
সহকারী পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
০২। নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৩। পরিচালক (এফএসআর), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৪। পরিচালক, সিভিল এভিয়েশন একাডেমি, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৫। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর/ ওসমানী আন্তর্জাতিক বিমাবন্দর
০৬। অধ্যক্ষ, ... সিএএবি
০৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিএএবি. সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ..., সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৯। বিমানবন্দর ব্যবস্থাপক (সকল), ...সিএএবি
১০। ভবন নং ..... এ বসবাসরত কর্মকর্তা/কর্মচারী (সকল), সিএএবি
১১। সভাপতি/সাধারণ সম্পাদক (মসজিদ/মন্দির) .....সিএএবি
১২। ব্যবস্থাপনা পরিচালক, এ.কে ট্রেডার্স
১৩। ইজারাগ্রহিতা .....।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
০৩। পরিচালক (এইচআর), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
০৪। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা